# সফটওয়্যারের কারুকাজ

## উইন্ডোজ ৮.১-এর কয়েকটি টিপ

### স্টার্ট মেনু ফিরে আনা

বেশ কিছু থার্ড পার্টি প্রোগ্রাম আছে, যা উইন্ডোজ ৮-এ ফিরে আনতে পারে ক্লাসিক উইন্ডোজ স্টার্ট মেনু। এজন্য ক্ল্যাসিক শেল দিয়ে চেষ্টা করতে হবে। এটি আপনাকে দেবে তিনটি ভিন্ন লুক, যেমন– স্টার্ট মেনু, স্টার্ট বাটনের জন্য অপশন এবং উইন্ডোজ ৮-এ স্বাভাবিকভাবে উইন্ডোজ ৮ যাতে ফিট হয় সেজন্য স্কিন চয়েজ (এজন্য ট্রান্সপারেন্সি কমানো ও আইকন সাইজ পরিবর্তন করা)।

### স্টার্ট মেনু কাস্টোমাইজ করা

স্টার্ট বাটনে ডান ক্লিক করে যেকোনো পয়েন্টে ক্ল্যাসিক শেল অপশন আনার জন্য 'Settings'-এ কিক করুন। আপনার নতুন স্টার্ট মেনুর জন্য ইতোমধ্যেই একটি স্টাইল বেছে নিয়ে থাকতে পারেন। কোন মেনু আইটেমটি আবির্ভূত হবে তা বেছে নেয়ার জন্য 'Customize Start Menu'-এ ক্লিক করুন। এছাড়া লিস্টের প্রতিটি প্রোগ্রাম থেকে বেছে নিতে পারেন 'Don't display' বা 'Display as a link' বা 'Display as a menu' থেকে।

### StartIsBack+কনফিগার করা

উইন্ডোজ ৮.১-এ সম্পৃক্ত হওয়া আরেকটি নতুন অপশন হলো StartIsBack+। এ কাজ শুরু করার আগে আপনার দরকার PowerShell এক্সিকিউশন ইঞ্জিন Chocolatey ইনস্টল করা। এ কাজ শেষ হলে ডাউনলোড করে নিন StartIsBack+ইনস্টলার প্যাকেজ। আপনি এ ফাইল এক্সিকিউট করতে পারবেন না। এর বিকল্প হিসেবে আপনি কমান্ড প্রম্পটে গিয়ে cinst startisbackplus টাইপ করে এন্টার চাপুন।

### সুইচিং অপশন

এবার উইন্ডোজ রিস্টার্ট করুন। সুইচিং ট্যাবের অন্তর্গত আপনি নির্দিষ্ট করতে পারবেন কী করতে হবে যখন উইন্ডোজ ৮-এ বুট করবেন। ইন্টারফেসে কিছু কাজ পারফরম করার জন্য দরকার উইন্ডোজ কী কনফিগার করা। আপনি মেনু থেকে কিছু গুরুত্বপূর্ণ বিষয় কনফিগার করতে পারবেন। এর অর্থ হচ্ছে আপনি উইন্ডোজ ৮-এর ইন্টারফেসের ডিফল্ট সেটিং পরিবর্তন করতে পারবেন।

### স্টার্ট বাটন পরিবর্তন করা

আপনি কিছু ভিজ্যুয়াল পরিবর্তন করতে পারবেন Appearance-এর অন্তর্গত StartIsBack+ দিয়ে। যেমন– আপনি নতুন সাদা উইন্ডোজ লোগোর পরিবর্তে ফিরে পেতে পারেন পুরনো উইন্ডোজ ৭ স্টার্ট ওআরবি। এখানে DeviantART-এর একটি লিঙ্ক পাবেন, যেখানে পাবেন একটি কাস্টোম স্টার্ট বাটন, যা আপনি ডাউনলোড ও ইনস্টল করে নিতে পাবেন। আপনি ইচ্ছে করলে পুরো স্টার্ট মেনুর জন্য নতুন ভিজ্যুয়াল স্টাইল সিলেক্ট করতে পারবেন।

*আশীষ কুমার সাহা*
*সাতমাথা, বগুড়া*

## কমান্ড লাইন ব্যবহার করে পিসি মডেল সিরিয়াল নম্বর জানা

মাইক্রোসফট উইন্ডোজ অপারেটিং সিস্টেম ব্যবহার করে আমরা জানতে পারি কমপিউটারের মডেল নম্বর কী? কমপিউটারের সিরিয়াল নম্বর কী? ম্যানুফেকচারার, সিস্টেম টাইপ এবং আরও অনেক তথ্য জানা যায় কমান্ড লাইন ব্যবহার করে। এ টিপটি দেখানো হয়েছে উইন্ডোজ ৮.১ ব্যবহার করে। তবে এ কৌশলটি উইন্ডোজের আগের ভার্সনেও কাজ করবে।

সহজে ও দ্রুতগতিতে কমপিউটারের সিরিয়াল নম্বর, মডেল ইত্যাদি খুঁজে পাবেন আপনার ডেস্কটপ কমপিউটার বা ল্যাপটপের পেছনে অথবা অন্য কোথাও খুঁজে পাবেন ম্যানুফেকচারারের স্টিকারের।

এছাড়া পিসি মডেল ও সিরিয়াল নম্বর ইত্যাদি খুঁজে পাওয়ার বিকল্প সহজ উপায় হলো কমান্ড প্রম্পট তথা CMD ব্যবহার করে। এজন্য নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন :

প্রথমে কমান্ড প্রম্পট ওপেন করুন WindowsKey + r চেপে। এরপর cmd টাইপ করে এন্টার চাপুন।

এরপর wmic computersystem get model, name, manufacturer, systemtype কমান্ড রান করুন।

এ কমান্ড আপনার কমপিউটারের নাম, সিস্টেম টাইপ ও ম্যানুফেকচারারের নাম টাইপ করবে। আপনি ইচ্ছে করলে wmic csproduct get vendor, version কমান্ডটি রান করতে পারেন কমপিউটারের মডেল ও ভেন্ডর নাম খুঁজে পাওয়ার জন্য।

উপরের দুই কমান্ডে সিরিয়াল নম্বর প্রিন্ট হবে না। তবে নিচে বর্ণিত কমান্ডটি ব্যবহার করে সিরিয়াল নম্বর পেতে পারেন। কমান্ডটি হলো– wmic csproduct get name, identifyingnumber। এ কমান্ডটি উইন এক্সপি, উইন ৭, ৮, ৮.১-এও ব্যবহার করা যাবে।

*বিষ্ণুপদ দাস*
*পাঠানটুলি, নারায়ণগঞ্জ*

## কিছু ইন্টারনেট ব্রাউজার শর্টকাট

দেশে ইন্টারনেট ব্যবহারকরারীর সংখ্যা বাড়ছে আগের যেকোনো সময়ের চেয়ে অনেক দ্রুতগতিতে। এসব ব্যবহারকারীর প্রতি লক্ষ রেখে বেশ কিছু কিবোর্ড শর্টকাট তুলে ধরা হয়েছে, যেগুলো ব্যবহার হয় ইন্টারনেট ব্রাউজারে। নিচে কয়েকটি প্রয়োজনীয় ইন্টারনেট ব্রাউজার শর্টকাট :

Alt+D চাপলে কার্সর অ্যাড্রেস বারে মুভ করবে।

Ctrl কী চেপে + কী বা - কী চাপলে টেক্সটের সাইজ বাড়বে বা কমবে। Ctrl+0 চাপলে টেক্সটের সাইজ রিসেট হবে।

ব্যাক স্পেস কী বা Alt কী চেপে বাম অ্যারো কী চাপলে আগের পেজে ফিরে যাওয়া যাবে।

F5 চাপলে ওয়েব পেজ রিফ্রেশ বা রিলোড হবে।

F11 একবার চাপলে ইন্টারনেট ব্রাউজার ফুল স্ক্রিন হবে। আবার F11 চাপলে স্বাভাবিক ভিউতে ফিরে আসবে।

Ctrl+B চাপলে ইন্টারনেট বুকমার্ক ওপেন হয়।

Ctrl+F ওয়েব পেজের অভ্যন্তরস্থ টেক্সট খুঁজে বের করতে ফাইন্ড বক্স ওপেন করা।

### ওয়েবপেজে ফিল্ডের মাঝে দ্রুতগতিতে মুভ করা

যদি আপনি একটি অনলাইন ফরম, ই-মেইল বা অন্যান্য টেক্সট ফিল্ড পূরণ করতে চান, তাহলে আপনাকে দ্রুতগতিতে ফিল্ডগুলোতে মুভ করতে হবে। দ্রুতগতিতে ফিল্ডগুলোর মাঝে মুভ করতে চাইলে আপনাকে ব্যবহার করতে হবে Tab কী বা আগের ফিল্ডে ফিরে যেতে চাইলে Shift+Tab কী চাপতে হবে। লক্ষণীয়, এ টিপটি বাটনের ক্ষেত্রেও প্রযোজ্য।

### ওয়েবপেজ অংশে আপনাকে http:// টাইপ করতে হবে না

ইন্টারনেটে অ্যাক্সেস করতে চাইলে অবশ্যই একটি অ্যাড্রেস টাইপ করেত হয়, যা ইন্টারনেট অ্যাড্রেস হিসেবে পরিচিতি। ইন্টারনেট অ্যাড্রেসে অ্যাক্সেস করার জন্য টাইপ করতে হয় www., যা বিরক্তিকর মনে হয়। তবে এখন আর আপনাকে http:// বা www. টাইপ করতে হবে না। ধরুন, আপনি কমপিউটার জগৎ-এর ওয়েবসাইট www.comjagat.com-এ অ্যাক্সেস করতে চাচ্ছেন। এখন দ্রুতগতিতে কমজগৎ-এর ওয়েবসাইটে অ্যাক্সেস করার জন্য comjagat টাইপ করে Ctrl + এন্টার চাপলে www.comjagat.com পূর্ণ হবে।

*শ্রাবন্তী সরকার*
*পল্লবী, ঢাকা*

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস্‌ ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে–* ***আশীষ কুমার সাহা, বিষ্ণুপদ দাস ও শ্রাবন্তী সরকার।***